BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

## ২০২৬ সালের মার্চ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ৩০ মার্চ ২০২৬
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম, লেভেল-৬, বাপেক্স ভবন, ঢাকা
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাগণকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব-কে অনুরোধ করেন। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | সভার সভাপতি, সকল মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ উপস্থিত সকলকে ঈদের শুভেচ্ছা জানিয়ে মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব সভার কার্যক্রম শুরু করেন। অত:পর ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোনো মতামত বা সংশোধনের প্রয়োজন আছে কি না, তা জানতে চান। কোনো মতামত ও সংশোধন না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে উপস্থিত কর্মকর্তাগণ একমত প্রকাশ করেন। | ২০২৬ সালের ফেব্রুয়ারি মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ খনন প্রকল্প | প্রকল্প ব্যবস্থাপক সভায় জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে প্রণীত ডিপিপির জিডিএফ তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত সভার কার্যবিবরণী পাওয়া গিয়েছে। ডিপিপির লিকুইডিটি সার্টিফিকেটের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে পত্র প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন। এছাড়া, পরিবেশ অধিদপ্তরের বোর্ডে ছাড়পত্রের বিষয়টি অনুমোদিত না হওয়ায় অদ্যাবধি পরিবেশ ছাড়পত্র পাওয়া যায়নি। তবে, ইতোমধ্যে EIA প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরে দাখিল করা হয়েছে। দ্রুততম সময়ে তা পরিবেশ অধিদপ্তরের বোর্ড কর্তৃক অনুমোদিত হবে বলে আশা করা যায়। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের লক্ষ্যে ভূমি হুকুমদখলের জন্য প্রয়োজনীয় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র জেলা প্রশাসকের কার্যালয়ে জমা প্রদান করা যায় নাই বিধায় ভূমি হুকুমদখল কাজ শুরু করা যায়নি। তবে, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পাওয়া গেলে ভূমি হুকুমদখলের কাজ দ্রুততম সময়ের মধ্যে শুরু করা যাবে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করে দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। জামালপুর-২ ও জামালপুর নর্থ-১ কূপ খননের জন্য পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ করে দ্রুত ভূমি হুকুমদখলের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | উপমহাব্যবস্থাপক (উৎপাদন) ও প্রকল্প পরিচালক জানান যে, ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে ভূমি উন্নয়ন কাজ এবং নিরাপত্তা দেয়াল নির্মাণ কাজ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়াও, স্থানীয় লোকজনকে বুঝিয়ে (Convince) প্রায় ২ কি.মি. গ্যাস গ্যাদারিং পাইপ লাইন স্থাপন কাজ শুরু হয়েছে। তিনি আরও জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য প্রয়োজনীয় ভূমির জন্য ৭ ধারা নোটিশ জারি করা সম্ভব হয়নি। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের প্রয়োজনীয় ভূমি অধিগ্রহণের লক্ষ্যে ইতোমধ্যে একটি গণবিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিধি মোতাবেক ১৫ দিন সময় প্রদান করতে হয় যা চলমান আছে। উক্ত গণবিজ্ঞপ্তির সময়কাল শেষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যাবে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের Design and Drawing কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান যে, কিছু সংশোধনপূর্বক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের Design and Drawing প্রস্তুতের কাজ চলমান আছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, চুক্তির শর্তানুযায়ী প্রসেস প্ল্যান্ট স্থাপন করতে হবে। তিনি প্রয়োজনবোধে ঠিকাদারকে এ বিষয়ে পত্র প্রেরণ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া, তিনি নির্ধারিত সময়ে প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে প্রকল্পের কাজ সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করেন।<br><br>মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, টগবী গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের প্রয়োজনীয় ভূমির ৪.৫ কি.মি. এলাকার মধ্যে প্রায় ১৪০ জন মালিক আছে। ফলশ্রুতিতে উক্ত ভূমি অধিগ্রহণে বাধাগ্রস্থ হচ্ছে যা জরুরি ভিত্তিতে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। অন্যথায়, নির্ধারিত সময়ের মধ্যে গ্যাস গ্যাদারিং লাইন স্থাপন করা চ্যালেঞ্জিং হবে। ব্যবস্থাপনা পরিচালক প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করার এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করার এবং চুক্তির শর্তানুযায়ী প্রসেস প্ল্যান্ট স্থাপনের বিষয়ে ঠিকাদারকে পত্র প্রেরণ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া, গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য ভূমি অধিগ্রহণ ও পূর্ত কাজ দ্রুত সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। | ১। প্রসেস প্ল্যান্ট স্থাপনের কাজ দ্রুত শুরু করতে হবে এবং প্রকল্পের নির্ধারিত মেয়াদের মধ্যে আবশ্যিকভাবে তা সম্পন্ন করতে হবে।<br><br>২। চুক্তির শর্তানুযায়ী প্রসেস প্ল্যান্ট স্থাপনের বিষয়ে ঠিকাদারকে পত্র প্রেরণ করতে হবে।<br><br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকিপূর্বক গ্যাস গ্যাদারিং লাইন স্থাপনের জন্য পূর্ত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প<br><br>১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক, সংশ্লিষ্ট প্রকল্প |
| ৪। | Drilling Rig ক্রয় | উপমহাব্যবস্থাপক ও প্রকল্প ব্যবস্থাপক জনাব মোহম্মাদ শেফাউল ইসলাম জানান যে, ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP) পুনর্গঠনপূর্বক পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ হতে লিকুইডিটি সার্টিফিকেট প্রাপ্তির বিষয়টি প্রক্রিয়াধীন। উক্ত বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত আছে। অত:পর মহাব্যবস্থাপক (প্রকৌশল) বাপেক্স এর সকল রিগকে যথাযথভাবে ব্যবহারের জন্য পর্যাপ্ত | ১। ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে প্রেরিত পুনর্গঠিত ডিপিপি (DPP)-এর বিষয়ে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) এবং<br><br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জনবলের প্রয়োজনীয়তার বিষয়টি তুলে ধরেন। এ পর্যায়ে উপমহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) জানান যে, বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো প্রণয়নের লক্ষ্যে ইতোমধ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বাপেক্স এর ০৪টি রিগ একসাথে পরিচালনার বিষয়টি বিবেচনায় নিয়ে বিভিন্ন বিভাগ হতে জনবলের প্রস্তাব গ্রহনপূর্বক একটি খসড়া সাংগঠনিক কাঠামো প্রস্তুত করা হয়েছে। বর্তমানে যাচাই-বাছাই কাজ চলমান রয়েছে।<br><br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক ১৫০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের ডিপিপি অনুমোদনের সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। এছাড়া, প্রয়োজনীয়তার নিরিখে বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ২। প্রয়োজনীয়তার নিরিখে বাপেক্স-এর একটি যুগোপযোগী সাংগঠনিক কাঠামো তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | প্রকল্প পরিচালক সভায় জানান যে, “৩টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল ডিপ-১, মোবারকপুর ডিপ-১ ও ফেঞ্চুগঞ্জ সাউথ-১) খনন” শীর্ষক প্রকল্পের আওতায় আহব্বানকৃত দরপত্রের বিপরীতে মূল্যায়িত সর্বনিম্ন দরদাতা বরাবরে NoA প্রদান এবং চূড়ান্ত চুক্তি স্বাক্ষরের অনুমোদনের জন্য পরিচালক পর্ষদের ৫১২তম সভায় কার্যপত্র উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক তা “সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা কমিটি”-তে প্রেরণের অনুমোদন দেওয়া হয়। সিদ্ধান্ত মোতাবেক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। পরবর্তীতে গত ১০.০২.২০২৬ তারিখে CCGP-তে উপস্থাপন করা হলে কিছু সংশোধনের প্রস্তাবসহ পরবর্তীতে CCGP-তে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করা হয়েছে যা CCGP-এর সভায় উপস্থাপনের জন্য অপেক্ষমাণ। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক CCGP-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন।<br><br>মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, কূপ খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে শ্রীকাইল ডিপ-১ খনন এলাকার রাস্তা ও কূপ খনন এলাকার মাটি ভরাট কাজ চলমান আছে। এছাড়া, মোবারকপুর ডিপ-১ খনন এলাকার সংযোগ রাস্তার কাজ সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান যে, ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপের ভূমি সংক্রান্ত বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয়েছে এবং পূর্ত কাজের জন্য দরপত্র আহবান করা হয়েছে। এছাড়া, উপমহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, মোবারকপুর ডিপ-১ কূপ খনন এলাকা নিম্ন অঞ্চল হওয়ায় বৃষ্টির মৌসুম শুরু হওয়ার পূর্বে পূর্ত কাজ সম্পাদন করা সমীচীন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক CCGP-এর অনুমোদন সাপেক্ষে ঠিকাদারকে দ্রুত NoA প্রদান ও কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্নের নির্দেশনা প্রদান করেন। CCDC কর্তৃক কূপ খননের প্রস্তুতি শুরুর লক্ষ্যে তাঁদের আগমনের পূর্বেই রাস্তা ও সাইট | ১। CCGP-এর অনুমোদন সাপেক্ষে দ্রুততম সময়ের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদারকে NOA প্রদান করতে হবে।<br><br>২। কূপ খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে প্রয়োজনীয় দরপত্র আহবান করতে হবে।<br><br>৩। CCDC কর্তৃক কূপ খনন কার্যক্রম শুরু করার পূর্বেই রাস্তা এবং সাইট (Site) প্রস্তুত রাখতে হবে।<br><br>৪। ভূমি হুকুমদখল প্রক্রিয়া ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br><br>২। প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট প্রকল্প)<br><br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (Site) প্রস্তুত রাখার এবং দ্রুত দরপত্র আহবানের পরামর্শ প্রদান করেন। | | |
| ৬। | চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | ব্যবস্থাপক (ভূপদার্থ) ও প্রকল্প ব্যবস্থাপক জনাব মোঃ হাসান লতিফ জানান যে, '৩ডি সাইসমিক সার্ভে ওভার চরফ্যাশন' শীর্ষক প্রকল্পের আওতায় ৬৬০ বর্গ কি.মি. ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপি (DPP) পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী পুনর্গঠন করে পুনরায় পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। লিকুইডিটি সার্টিফিকেট এর জন্য অর্থ বিভাগে প্রেরণের বিষয়টি প্রক্রিয়াধীন। তিনি আরও জানান যে, দরপত্র আহবানের লক্ষ্যে কারিগরি বিনির্দেশ (Technical Specifications) ও ব্যয় প্রাক্কলন প্রতিবেদন দাখিল করা হয়েছে। তবে, BPPA-এর ওয়েবসাইটে Tender Document Upload না হওয়ায় কমিটি কর্তৃক দরপত দলিল প্রস্তুত করা সম্ভব হচ্ছে না।<br>এছাড়াও, সম্প্রতি প্রকল্পসমূহের ডিপিপি Delegation of Financial Power (DoP) অনুযায়ী কিছু কিছু আইটেমসমূহের অনুমোদনের জন্য CCGP-তে প্রেরণ করতে হয় এবং দরপত্র মূল্যায়ন কমিটি গঠন, দরপত্র মূল্যায়ন, NoA ইস্যু ও চুক্তি সম্পাদনে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও CCGP-এর অনুমোদন প্রয়োজন। এতে, প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে শেষ করা চ্যালেঞ্জিং হচ্ছে। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) বলেন যে, সরকারি অর্থায়নের প্রকল্পসমূহের ক্ষেত্রেই CCGP-তে প্রেরণ করার আবশ্যিকতা রয়েছে। তবে, নিজস্ব অর্থায়ন ও জিডিএফ অর্থায়নের প্রকল্পের ক্ষেত্রে পূর্ববর্তী প্রকল্পসমূহের ডিপিপি CCGP-তে প্রেরণ করা বাধ্যতামূলক নয়।<br>ব্যবস্থাপনা পরিচালক BPPA-এ Document Upload না হওয়ায় সৃষ্ট জটিলতার বিষয়টি অবহিত করে পেট্রোবাংলার চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ এবং BPPA-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে প্রণীত ডিপিপির (DPP) বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। চরফ্যাশন এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সম্পন্ন করার লক্ষ্যে দরপত্র আহবানের নিমিত্ত দরপত্র দলিলের বিষয়ে BPPA এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>৩। BPPA-এ Document Upload না হওয়ায় সৃষ্ট জটিলতার বিষয়টি অবহিত করে পেট্রোবাংলার চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>১। প্রকল্প ব্যবস্থাপক, সংশ্লিষ্ট প্রকল্প<br>১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| ৭। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, চলতি দায়িত্ব) জানান যে, বাপেক্স-এর বর্তমানে মোট ৩০৪টি (Non-SFI ৬৩টি, SFI ২১৭টি, সংকলনভুক্ত ও পিএ কমিটি ২৪টি) নিরীক্ষা আপত্তি রয়েছে। গত ০১.১২.২০২৫ তারিখে ১২টি SFI (অগ্রিম) নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ০২টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে, যার জারিপত্র পাওয়া যায়নি। ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য ২টি কার্যপত্র অপেক্ষমান রয়েছে এবং মন্ত্রণালয় ও বাণিজ্যিক অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। এছাড়া ১৬টি SFI (অগ্রিম) নিরীক্ষা আপত্তির ব্রডশিট জবাব পেট্রোবাংলা | ১। নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের মাধ্যমে বাপেক্সের অডিট আপত্তির সংখ্যা হ্রাস করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | এবং বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে এবং পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী বাপেক্স-এর অডিট আপত্তিসমূহের ২০০০ সাল পর্যন্ত ৬টি SFI (অগ্রিম) এবং ২টি Non-SFI (সাধারণ) আপত্তির ব্রডশিট জবাব প্রদান করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর আর্থিক শৃঙ্খলা/ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত বিধিবিধান এর বিষয়ে দপ্তর আদেশ জারি করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, বাপেক্স এর আর্থিক শৃঙ্খলা/ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত বিধিবিধান এর বিষয়ে হিসাব ও অর্থ বিভাগ, নিরীক্ষা উপবিভাগ ও ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণপূর্বক একটি দপ্তর আদেশ জারি প্রক্রিয়াধীন রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান ও ব্রডশিট জবাব প্রদানের মাধ্যমে বাপেক্স-এর অডিট আপত্তির সংখ্যা কমানোর ওপর গুরুত্বারোপ করেন। তিনি অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা এবং অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বাপেক্স এর আর্থিক শৃঙ্খলা/ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত বিধিবিধান এর বিষয়ে হিসাব ও অর্থ বিভাগ, নিরীক্ষা উপবিভাগ ও ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণপূর্বক একটি দপ্তর আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। | ২। অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বাপেক্স এর আর্থিক শৃঙ্খলা/ভ্যাট-ট্যাক্স সংক্রান্ত বিধিবিধান এর বিষয়ে হিসাব ও অর্থ বিভাগ, নিরীক্ষা উপবিভাগ ও ক্রয় কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকলের মতামত গ্রহণপূর্বক একটি দপ্তর আদেশ জারি করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |
| ৮। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে ইতোমধ্যে Packer Milling Operation সম্পন্ন হয়েছে। Packer retrive Operation কাজ চলমান আছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়। তিনি রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে ওয়েল সার্ভিসেস সংশ্লিষ্ট কাজ দ্রুত সম্পন্নের ওপর গুরুত্বারোপ করেন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক রূপগঞ্জ-১ কূপে নিয়োজিত ঠিকাদারকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান এবং ওয়েল সার্ভিসেস কাজের জন্য L/C স্থাপনের পরামর্শ প্রদান করেন।<br>ব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও প্রকল্প ব্যবস্থাপক বলেন যে, রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিং এ বিভিন্ন অপদ্রব্যের উপস্থিতি লক্ষ্য করা গেছে, ভবিষ্যতে জটিলতা এড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিং এ বিভিন্ন অপদ্রব্যের উপস্থিতির বিষয়টি খতিয়ে দেখে যথাযথ ব্যবস্থা গ্রহণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়া, দ্রুত রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন এবং ওয়ার্কওভার কাজ চলাকালীন সময়ে উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে ওয়ার্কওভারের সাথে সংশ্লিষ্ট সকল পূর্ব-প্রস্তুতি নিয়ে রাখার পরামর্শ প্রদান করেন। | ১। দ্রুত রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। ডিআইসি, রূপগঞ্জ-১ কূপ ওয়ার্কওভার, বাপেক্স |
| | | | ২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার যথাসময়ে সম্পাদনের লক্ষ্যে ওয়েল সার্ভিসেস কাজের জন্য দ্রুত L/C স্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>২। ডিআইসি, রূপগঞ্জ-১ কূপ ওয়ার্কওভার, বাপেক্স |
| | | | ৩। রূপগঞ্জ-১ কূপ হতে উত্তোলিত টিউবিং এ বিভিন্ন অপদ্রব্যের উপস্থিতির বিষয়টি খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| | | | ৪। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ চলাকালীন সময়ে উদ্ভূত সমস্যা নিরসনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল বিভাগকে পূর্ব-প্রস্তুতি নিয়ে রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৫। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৯। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, ওয়ার্কওভার কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে একটি পারফোরেশন সম্পন্ন হয়েছে। প্রথমে পারফোরেশন জন্য ৫ মি. সিলেক্ট করা হয়। পরবর্তীতে ৪.৫ মি. পারফোরেশন সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট ০.৫ মি. পারফোরেশন করা হবে। উক্ত পারপ্লেশন শেষে অতিশীঘ্রই DST Operation শুরু করা হবে।<br>ব্যবস্থাপনা পরিচালক সেমুতাং-৬ কূপে DST Operation সম্পন্নের লক্ষ্যে সার্বিকভাবে প্রস্তুত থাকার পরামর্শ প্রদান করেন এবং দ্রুত ওয়ার্কওভার সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | ১। সেমুতাং-৬ কূপে DST Operation সম্পন্নের লক্ষ্যে সার্বিকভাবে প্রস্তুত থাকার এবং দ্রুত ওয়ার্কওভার সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৪। ডিআইসি, সেমুতাং-৬ কূপ ওয়ার্কওভার, বাপেক্স |
| ১০। | সুন্দলপুর-৩ কূপের ওয়ার্কওভার এবং সুন্দলপুর-৪ কূপ খনন | মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বিয়ানীবাজার-২ ওয়ার্কওভার শেষে সুন্দলপুর-৪ কূপ খননের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ স্থানান্তর করা হবে। আগামী ১০ এপ্রিল ২০২৬ এর মধ্যে রিগ ডাউন করা হবে। তিনি আরও জানান যে, সুন্দলপুর সাউথ-১ কূপে যাওয়ার পথে ফেনী এলাকায় সড়ক ও জনপদ অধিদপ্তরের রাস্তা মেরামতের কাজের জন্য বাপেক্স এর মালামাল/যন্ত্রপাতি আনা-নেয়ার জটিলতা তৈরি হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। তাই, বিষয়টি দ্রুত সুরাহা করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক সড়ক ও জনপদ অধিদপ্তর হতে সহযোগীতা প্রাপ্তির পূর্ব অভিজ্ঞতা তুলে ধরেন এবং সুন্দলপুর সাউথ-১ কূপে বাপেক্স এর মালামাল/যন্ত্রপাতি জরুরি ভিত্তিতে আনা-নেয়ার প্রয়োজনে ফেনী এলাকায় রাস্তা মেরামত কাজ কিছু দিন বিলম্ব/স্থগিতের অনুরোধ জানিয়ে সড়ক ও জনপদ অধিদপ্তর বরাবর দ্রুত পত্র প্রেরণের পরামর্শ প্রদান করেন। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের তেলের ভাউচার দীর্ঘদিন যাবত রেজিস্ট্রেশনবিহীন রয়েছে যা দ্রুত সুরাহা হওয়া প্রয়োজন। আলোচনায় অংশ নিয়ে ড্রিলিং সুপারিনটেন্ডেন্ট প্রকৌঃ তন্ময় চক্রবর্তী সভায় জানান যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের তেলের ভাউচারসমূহ BRTA অফিসে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। দ্রুত নিষ্পন্নের লক্ষ্যে BRTA অফিসের কর্মকর্তাগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে BRTA অফিসের সাথে যোগাযোগপূর্বক দ্রুত বিষয়টি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। অত:পর মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বাপেক্স এর মালামাল/যন্ত্রপাতি আনা-নেয়ার জন্য ব্যবহৃত গাড়ীসমূহের মধ্যে কিছু চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় এবং কিছু প্রকল্প এর মাধ্যমে এ মেরামত করা হচ্ছে। যার ফলশ্রুতিতে সমন্বয়হীনতা পরিলক্ষিত হচ্ছে এবং পরিবহন স্বল্পতার দরুন পোর্ট হতে মালামাল খালাসে বিলম্ব হচ্ছে। তাই, তিনি ক্ষেত্র বিশেষে গাড়ী ভাড়া করে পোর্ট হতে মালামাল খালাসের বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করেন। এ পর্যায়ে ড্রিলিং সুপারিনটেনডেন্ট ও প্রকল্প ব্যবস্থাপক জনাব প্রিন্স মোঃ আল হেলাল জানান যে, বর্ণিত জটিলতা এড়ানোর লক্ষ্যে সাম্প্রতিক প্রণীত | ১। সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| | | | ২। সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের লক্ষ্যে Scope of Work-সহ খনন বিভাগে একটি পত্র প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) |
| | | | ৩। BRTA অফিসের সাথে যোগাযোগপূর্বক দ্রুত তেলের ভাউচার সংক্রান্ত জটিলতা নিরসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স।<br>২। উপমহাব্যবস্থাপক, সেন্ট্রাল অটোমোবাইলস, ইলেকট্রিক্যাল ওয়ার্কশপ এন্ড সেন্ট্রাল মেশিনশপ উপবিভাগ, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, বাপেক্স। |
| | | | ৪। সুন্দলপুর সাউথ-১ কূপে বাপেক্স এর মালামাল/যন্ত্রপাতি জরুরি ভিত্তিতে আনা-নেয়ার প্রয়োজনে ফেনী এলাকায় রাস্তা মেরামত কাজ কিছু দিন বিলম্ব/স্থগিতের অনুরোধ জানিয়ে সড়ক ও জনপদ অধিদপ্তর বরাবর দ্রুত পত্র প্রেরণ করতে হবে। | ৪। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | | ৫। বাপেক্স এর কাজ গতিশীল করার লক্ষ্যে মালামাল/যন্ত্রপাতি আনা-নেয়ার জন্য ব্যবহৃত গাড়ীসমূহ চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, প্রকৌশল বিভাগ | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ডিপিপিসমূহে গাড়ী ভাড়া করে পোর্ট হতে মালামাল খালাসের বিষয়টি যুক্ত করা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর কাজ গতিশীল করার লক্ষ্যে মালামাল/যন্ত্রপাতি আনা-নেয়ার জন্য ব্যবহৃত গাড়ীসমূহ চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়, প্রকৌশল বিভাগ এবং প্রকল্প সমন্বয়ে মেরামত করার পরামর্শ প্রদান করেন।<br>এ পর্যায়ে মহাব্যবস্থাপক (খনন) জানান যে, মেঘনা-১ কূপ খননের লক্ষ্যে রিগ স্থানান্তর কাজ শ্রীঘ্রই শুরু হবে। তাই, মেঘনা-১ কূপ খনন এলাকার ছোট/সংকীর্ণ রাস্তার বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট বিভাগসমূহকে পূর্ব প্রস্তুতি নেয়ার অনুরোধ করেন। এছাড়া, তিনি মেঘনা-১ কূপ খননের জন্য আমদানিতব্য কেসিং পাইপ যথাসময়ে পোর্ট হতে খালাসের অনুরোধ করেন। ব্যবস্থাপনা পরিচালক ওয়ার্কওভার/খননের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগসমূহকে পূর্ব প্রস্তুতি নেয়ার পরামর্শ প্রদান করেন। অত:পর, তিনি সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের বিষয়টি সুচিন্তিতভাবে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার বিষয়ে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ড. মোঃ আশিক হোসেন জানান যে, ওয়ার্কওভার মনিটরিং এর লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কর্তৃক সুন্দলপুর-৩ ও ফেঞ্চুগঞ্জ-৩ কূপে ওয়ার্কওভারের বিষয়টি সুচিন্তিতভাবে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত করার কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৩ কূপে ওয়ার্কওভারের লক্ষ্যে Scope of Work-সহ খনন বিভাগে একটি পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সুন্দলপুর-৪ কূপের খনন কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে আইপিএস (IPS) কার্ডওয়েল রিগ দ্রুততম সময়ের মধ্যে স্থানান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | এবং প্রকল্প সমন্বয়ে মেরামত কাজ সম্পাদন করতে হবে।<br><br>৬। মেঘনা-১ কূপ খনন এলাকার ছোট/সংকীর্ণ রাস্তার বিষয়টি বিবেচনায় নিয়ে ওয়ার্কওভার/খননের সাথে সংশ্লিষ্ট সকল বিভাগসমূহকে পূর্ব প্রস্তুতি নিয়ে রাখতে হবে। | ৭। সকল প্রকল্প পরিচালক, বাপেক্স<br><br>১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>৩। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>৪। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>৫। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) |
| ১১। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrester) স্থাপন কাজ চলমান আছে যা দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়। এছাড়া, বাপেক্স ভবনে যথাযথভাবে গ্যাস লাইন পুন:স্থাপনের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, বাপেক্স ভবনে স্থাপিত লিফটের (Elevator) বিভিন্ন যন্ত্রাংশের ব্যবহারকাল বা মেয়াদ (Lifetime) খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে কমিটির প্রতিবেদন দাখিল করা হয়েছে এবং ব্যয় প্রাক্কলন তৈরির কাজ চলমান আছে। অত:পর উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। অতি শীঘ্রই বাংলাদেশ ফায়ার সার্ভিসের সহযোগীতায় বাপেক্স ভবনে একটি ফায়ার ড্রিল সম্পাদন করা হবে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে নিয়মিত তদারকিপূর্বক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং বাপেক্স এর কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে | ১। বাপেক্স ভবনের নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ড প্রতিরোধে নিয়মিত তদারকি ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>২। বাপেক্স ভবনের ছাদে থান্ডার অ্যারেস্টার (Thunder Arrester) স্থাপন কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>৩। বাপেক্স এর কর্মকর্তা-কর্মচারীদের নিরাপত্তার স্বার্থে লিফট (Elevator) দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br><br>১। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | লিফট (Elevator) দ্রুত মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | | |
| ১২। | বাপেক্সের বিভিন্ন বিভাগের অপারেশনাল কার্যক্রম, কাজের প্রতিবন্ধকতা/চ্যালেঞ্জ ও এটি উত্তরণের উপায় নির্ধারণ। | ১২.১। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়্যারহাউজ গঠিত কমিটির প্রতিবেদন ০২ এপ্রিল ২০২৬ দাখিল করা হবে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক গোডাউন বা ওয়্যারহাউজ গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করার ও উক্ত কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পরামর্শ প্রদান করেন। এছাড়া, দরপত্র মূল্যায়ন সংক্রান্ত ভবিষ্যত জটিলতা এড়ানোর লক্ষ্যে মূল্যায়ন কাজ যথাযথভাবে সম্পাদন করার বিষয়ে একটি দপ্তর আদেশ জারি করার নির্দেশনা প্রদান করেন। | ১। দ্রুততম সময়ের মধ্যে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে এবং কমিটির সুপারিশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১২.২। উপমহাব্যবস্থাপক (আইসিটি) জানান যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে মালামাল ও যন্ত্রপাতি সংশ্লিষ্ট Store Management Software হালনাগাদ/ Restore করার সম্পন্ন হয়েছে এবং নতুন একটি Store Management Software প্রস্তুত করা হয়েছে। এ পর্যায়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, বাপেক্স-এর Store Management Software-এর Recovery করা গেলেও ২০১৯ সালের পর কোন ডাটা Recover করা সম্ভব হয়নি। এ পর্যায়ে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপবিভাগের উপমহাব্যবস্থাপক প্রকৌ: মোঃ আরমান ইবনে আজিজ জানান যে, বাপেক্স-এর চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সংরক্ষিত মালামাল ও যন্ত্রপাতির ২০১৯ সালের পর কোন Back up না থাকায় Index নম্বর রেকর্ডে অসুবিধা হচ্ছে। তবে, ম্যানুয়ালি MRR তৈরির কাজ চলমান আছে। যেসব ডাটা Loss হয়েছে সেটি ম্যানুয়ালি ইনপুট দেয়া গেলে Store Management Software-টি পুরোপুরি Update করা সম্ভব হবে বলে তিনি সভায় অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স-এর Store Management Software হালনাগাদসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন এবং MRR নির্ভুলভাবে করার পরামর্শ প্রদান করেন। | ১। বাপেক্সের Store Management Sotfware হালনাগাদ করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। MRR/ Index নম্বর রেকর্ড নির্ভুলভাবে করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |
| | | ১২.৩। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ের কেন্দ্রীয় সাধারণ ভান্ডার উপবিভাগের উপমহাব্যবস্থাপক প্রকৌ: মোঃ আরমান ইবনে আজিজ সভায় জানান যে, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপনের লক্ষ্যে পাহাড়তলীতে অবস্থিত একটি বিদ্যুৎ কোম্পানি বরাবর গত ৩ মার্চ ২০২৬ তারিখে একটি পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান হতে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগীতা করা হবে মর্মে তাদের মৌখিক আশ্বাস প্রদান করা হয়েছে। তবে, উক্ত প্রতিষ্ঠান হতে লিখিতভাবে কোন সম্মতি প্রদান করা হয়নি। ব্যবস্থাপনা পরিচালক | ১। চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপন করতে হবে।<br>২। সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগীতা প্রাপ্তির লক্ষ্যে বিদ্যুৎ কোম্পানির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক, চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয় |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে দ্রুততম সময়ের মধ্যে সোলার প্যানেল স্থাপনের কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করেন এবং সোলার প্যানেল স্থাপনে সার্বিক সহযোগীতা প্রাপ্তির লক্ষ্যে বিদ্যুৎ কোম্পানির সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | | |
| | | ১২.৪। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, আইনি মতামত গ্রহণপূর্বক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানায় পাওয়ার যৌক্তিকতা তুলে ধরে গত ০৭ অক্টোবর ২০২৫ তারিখে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা হয়েছে। বর্তমানে পেট্রোবাংলার সাথে এ বিষয়ে নিবিড় যোগাযোগ অব্যাহত আছে। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব সভায় জানান যে, Niko সংক্রান্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নিমিত্তে নিরলসভাবে কাজ করা হচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্স-এর মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ রাখা এবং নাইকো (Niko) সংক্রান্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ড বাপেক্সের মালিকানাভুক্তির লক্ষ্যে পেট্রোবাংলার সাথে সার্বক্ষণিক ও নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>২। Niko সংক্রান্ত মামলার রায়ের বিষয়বস্তু পর্যালোচনাপূর্বক পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>১। মহাব্যবস্থাপক ও কোম্পানি সচিব |
| | | ১২.৫। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জানান-যে, বাপেক্স এর বিভিন্ন প্রকল্পের মালামাল/যন্ত্রপাতি আমদানিকালে Pre-Shipment Inspection (PSI) যথাযথভাবে সম্পাদন করার লক্ষ্যে PSI প্রতিষ্ঠানের পাশাপাশি নতুন একটি PSI প্রতিষ্ঠান নিয়োজনের লক্ষ্যে নিরীক্ষা উপবিভাগের মতামত গ্রহণ করা হয়েছে এবং হিসাব বিভাগের মতামত গ্রহণের জন্য নথি প্রেরণ করা হয়েছে। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক নতুন PSI প্রতিষ্ঠানকে নিয়োজনের লক্ষ্যে ToR এবং প্রাক্কলন তৈরির উদ্যোগ গ্রহনের পরামর্শ প্রদান করেন। | ১। নতুন PSI প্রতিষ্ঠানকে নিয়োজনের লক্ষ্যে ToR এবং প্রাক্কলন তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| | | ১২.৬। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, বাপেক্স ভবনের ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর নির্মাণ করার মাধমে নবযোগদানকৃত ৬৯ জন কর্মকর্তাগণের বসার স্থান (Workstation) সংক্রান্ত সমস্যা সমাধান করার লক্ষ্যে গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কমিটির প্রতিবেদনের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) সভায় বলেন যে, দাপ্তরিক কাজ সম্পাদনের জন্য বসার স্থান (Workstation) প্রাপ্তি কর্মকর্তাগণের একটি নৈতিক অধিকার। প্রাধিকার ভিত্তিতে বসার স্থান, আসবাবপত্র এবং কম্পিউটার সরবরাহ করা গেলে নবযোগদানকৃত কর্মকর্তাগণের কর্মস্পৃহা বহুগুণ বৃদ্ধি পাবে। উপমহাব্যবস্থাপক (অর্থ) জানান যে, স্থান সংকুলান না হওয়ায় হিসাব ও অর্থ বিভাগেও নবযোগদানকৃত কর্মকর্তাগণকে বসার স্থান (Workstation) দেয়া সম্ভব হচ্ছে না। তাই, বিষয়টি জরুরি ভিত্তিতে সুরাহা করা প্রয়োজন। | ১। বাপেক্স ভবন ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)-ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (খনন) বলেন যে, বিভিন্ন বিভাগের কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমাণ সাংগঠণিক কাঠামো অনুযায়ী মহাব্যবস্থাপকগণের জন্য সমন্বয় কর্মকর্তা পদায়ন করার এবং প্রয়োজনবোধে নবযোগদানকৃত কর্মকর্তাগণকে ফিল্ডে পদায়নের উপর গুরুত্বারোপ করেন। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবন ১২ তলার উপরে আরো কয়েকটি ফ্লোর করার বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল এবং বিভিন্ন বিভাগের চাহিদা অনুযায়ী বাপেক্স এর বিদ্যমান সাংগঠণিক কাঠামোর আলোকে কর্মকর্তাগণকে পদায়নের নির্দেশনা প্রদান করেন। | | |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৪/২৬

প্রকৌশলী মোঃ ফজলুল হক
সভাপতি, মাসিক সমন্বয় সভা
এবং
ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ................................................................ বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ............................................................ বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক ............................................. বাপেক্স।
৪) অফিস কপি।